

ছাত্র-ছাত্রীরা বৃত্তির

টাকা পায় নাই

কালিয়াকৈর সংবাদদাতা ॥
বৎসরের শুরুতে বই পুস্তক ক্রয়ের
প্রয়োজনীয়তা দেখা দিলেও নিজ
নিজ বৃত্তির টাকা হাতে না
পৌঁছায় প্রাইমারী, জুনিয়র ও
উচ্চতর পর্যায়ের ছাত্র-ছাত্রীরা
তাহাদের পুস্তকাদি ক্রয় হইতে
বঞ্চিত রহিয়াছে। সারাদেশে
৩৬০টি খানার প্রায় আটশত শিক্ষা
প্রতিষ্ঠানের সরকারী বৃত্তিপ্রাপ্ত
ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দকৃত এই
বৃত্তির পরিমাণ প্রায় একশত কোটি
টাকা। ৬ মাস পূর্বে ছাত্রছাত্রীরা
যে কিস্তি পাইয়াছিলেন, তাহা বহু
পূর্বেই শেষ হইয়া গিয়াছে। এমন
কি আনুসঙ্গিক খরচের অর্থও
তাহাদের হাতে নাই। ফলে বৎস-
রের শুরুতে পুস্তকাদি ক্রয় করা
তাহাদের পক্ষে দুর্ভহ হইয়া পড়ি-
য়াছে। গত ডিসেম্বরের মধ্যে
তাহারা বৃত্তির টাকা পাইবে বলিয়া
(৭ম পৃ: ৩৪)

ছাত্র-ছাত্রীরা বৃত্তি

(৩য় পৃ: পর)

আশা করিলেও পায় নাই। গত
জুন মাসে তাহারা সর্বশেষ বৃত্তির
অর্থ পাইয়াছিলেন। প্রতি খানায়
অর্থ লক্ষ হইতে একলক্ষ টাকা
বৃত্তিধারীদের প্রদান করা হইয়া
থাকে। কালিয়াকৈরে এই পরিমাণ
অর্ধলক্ষ টাকা। এই বিষয়ে স্থানীয়
কর্তৃপক্ষ জানান, অর্থ বরাদ্দ না
আসায় এই কিস্তির টাকা প্রদানে
বিলম্ব হইতেছে।